

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৭. ২. ৫. নারী-শিশুদের বাঁচিয়ে রেখে সকল পুরুষ হত্যা

এবার ইসরাইলী যোদ্ধারা কিভাবে এ নির্দেশ পালন করলেন তা দেখি: "মূসাকে দেওয়া মাবুদের হুকুম মতই তারা মাদিয়ানীয়দের সংগে যুদ্ধ করে সমস্ত পুরুষ লোকদের হত্যা করল। ... বনি-ইসরাইলরা বাউরের ছেলে বালামকেও হত্যা করল। তারা মাদিয়ানীয়দের ছেলে-মেয়েদের বন্দী করল আর তাদের সমস্ত গরু, ছাগল ও ভেড়ার পাল এবং জিনিসপত্র লুট করে নিল। মাদিয়ানীয়রা যে সব শহরে বাস করত সেই সব শহরগুলো এবং শহরের বাইরে তাম্বু খাটিয়ে বাস করবার জায়গাগুলো তারা পুড়িয়ে দিল। তারপর তারা মূসা, ইমাম ইলিয়াসর ও সমস্ত বনি-ইসরাইলদের কাছে যাবার জন্য তাদের লুট করা জিনিসপত্র, মানুষ এবং পশুপাল নিয়ে ছাউনির দিকে এগিয়ে চলল।" (শুমারী ৩১/৭-১২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14605

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন